

২০১৫

বাংলা

(স্নাতকোত্তর)

PAPER—BNG-102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

১। আদি মধ্যযুগের বাঙালী সমাজ ও সংস্কৃতির পরিচয় লিপিবদ্ধ করো।

৮

অথবা

১৭৫৭ খ্রিস্টাব্দ পর্যন্ত গৌড়বঙ্গের সামাজিক পরিস্থিতি সম্পর্কে আলোচনা করো।

৮

২। সুফী ধর্ম ও দর্শন সম্পর্কে আলোচনা করো।

৮

অথবা

বৌদ্ধ সহজিয়া ধর্ম-দর্শনের স্বরূপ বিশ্লেষণ করো।

৮

(Turn Over)

- ৩। দেবী মনসার উৎস সম্পর্কে প্রসিদ্ধ মতামতগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
প্রসঙ্গত মনসামঙ্গলের কবি রূপে বিজয় গুপ্তের প্রতিভার মূল্যায়ন করো।

৩+৫

অথবা

শিবায়নকে মঙ্গলকাব্য ধারার অন্তর্ভুক্ত করা চলে? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। শিবায়নের কবি রামেশ্বর ভট্টাচার্যের কবিকৃতির মূল্যায়ন করো।

৩+৫

- ৪। মধ্যযুগে প্রথম পর্যায়ের অনুবাদ সাহিত্যের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো। চৈতন্য পরবর্তীকালে এই ধারায় কী পরিবর্তন ঘটেছিল? ৪+৪

অথবা

ভাগবতের অনুবাদ বেশী না হওয়ার কারণ কী? ভাগবত অনুবাদক হিসেবে মালাধর বসুর কৃতিত্ব বিচার করো।

৩+৫

- ৫। বিদ্যাপতি সমস্যা সম্পর্কে আলোকপাত করো। বিদ্যাপতির পদাবলীর বৈশিষ্ট্য পর্যালোচনা করো।

৩+৫

অথবা

মধ্যযুগে চৈতন্যজীবনী সাহিত্য রচনার প্রয়াস অভিনব কেন? চৈতন্য চরিতকবি হিসেবে কৃষ্ণদাস কবিরাজের কবি প্রতিভার মূল্যায়ন করো।

২+৬